রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জুলাই ১৩, ১৯৮৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সংস্থাপন মন্ত্রণালয়

বিধি শাখা-২

প্রজ্ঞাপন

ঢাকা, ২৮শে আষাঢ়, ১৩৯৫/১২ই জুলাই, ১৯৮৮

নং এস, আর, ও ২২৩-আইন/৮৮—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশতে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নবর্ণিত বিধিমালা প্রণয়ন করিলেন, যথাঃ—

১। সংক্ষিপ্ত শিরোনামা।—এই বিধিমালা সিনিয়র সার্ভিসেস পুল ক্যাডারভুক্তি (পরীক্ষা) বিধিমালা, ১৯৮৮ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা—বিষয় বা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালা,—

(ক) "আদেশ" অর্থ Senior Services Pool Order, 1979;

(খ) "কমিশন" অর্থ বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন;

(গ) "পরীক্ষা" অর্থ এই বিধিমালার অধীনে পরিচালিত পরীক্ষা;

(ঘ) "পুল" অর্থ আদেশের অধীনে গঠিত Senior Services Pool;

(ঙ) "সার্ভিস" অর্থ Bangladesh Civil Service Recruitment Rules, 1981 এর Schedule-I এ উল্লিখিত কোন service.

৩। পরীক্ষা অনুষ্ঠান।—(১) পুলে ক্যাডারভুক্তির জন্য প্রতি পঞ্জিকা বৎসরে অন্ততঃ একবার পরীক্ষা অনুষ্ঠিত হইবে এবং উক্ত পরীক্ষা কমিশন কর্তৃক পরিচালিত হইবে।

(২) কোন পঞ্জিকা বৎসরে মাত্র একবার পরীক্ষা অনুষ্ঠান করিবার ক্ষেত্রে, উহা, সম্ভব হইলে মার্চ মাসে গ্রহণের ব্যবস্থা করা বাঞ্ছনীয় হইবে।

(৩) উপ-বিধি (১) এ যাহাই থাকুক না কেন, সরকার যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, বিশেষ কোন পঞ্জিকা বৎসরে পরীক্ষা অনুষ্ঠানের প্রয়োজন নাই, তাহা হইলে সরকার এতদুদ্দেশ্যে কমিশনকে নির্দেশ দিতে পারিবে।

(৪) সাধারণতঃ ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী ও খুলনায় পরীক্ষা অনুষ্ঠিত হইবে। কিন্তু কমিশনের মতে যদি উক্ত কোন স্থানে প্রার্থীর সংখ্যা পরীক্ষা অনুষ্ঠানের জন্য যুক্তিযুক্ত না হয়, তাহা হইলে সংশ্লিষ্ট স্থানের প্রার্থীদের পরীক্ষা, কমিশনের সিদ্ধান্ত মোতাবেক, উপরিউক্ত অন্য কোন স্থানে অনুষ্ঠিত হইবে।

৪। **পরীক্ষার তফসিল।**—(১) কমিশন, পরীক্ষা অনুষ্ঠানের নির্ধারিত তারিখের অন্যূন ৬০ দিন পূর্বে সংবাদপত্র এবং অন্যান্য প্রচার মাধ্যমে পরীক্ষার তারিখ, সময়, স্থান এবং প্রয়োজনীয় অন্যান্য বিষয় সম্বলিত তফসিল ঘোষণা করিবে।

(২) উপ-বিধি (১) এর অধীনে ঘোষিত তফসিলের অনুলিপি কমিশন, প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য, সকল মন্ত্রণালয় ও বিভাগে প্রেরণ করিবে।

(৩) প্রত্যেক মন্ত্রণালয় বা বিভাগ একইভাবে উহাদের স্ব স্ব প্রশাসনিক নিয়ন্ত্রণাধীন অধিদপ্তর, পরিদপ্তর ও অফিসে পরীক্ষার তফসিল প্রেরণ করিবে।

৫। **যোগ্যতা, ইত্যাদি।**—(১) কোন অফিসার আদেশের Article 3(3) এর বিধানের অন্তর্ভুক্ত যোগ্যতাসম্পন্ন না হইলে পরীক্ষায় অংশ গ্রহণের জন্য যোগ্য বিবেচিত হইবে নাঃ

তবে শর্ত থাকে যে, ধারাবাহিকভাবে প্রথম তিনটি পরীক্ষার ক্ষেত্রে উপরোক্ত Article এ নির্ধারিত বয়স সীমা এবং পনের বৎসরের অধিক চাকুরী পূর্তি সংক্রান্ত বিধি নিষেধ প্রযোজ্য হইবে না।

(২) (ক) উপ-বিধি (১) এ যাহাই থাকুক না কেন, কোন সার্ভিসের অন্তর্ভুক্ত কোন অফিসার যদি Bangladesh Civil Service (Examination for Promotion) Rules, 1986 এর বিধান অনুযায়ী অনুষ্ঠিত সিনিয়র স্কেল পদে পদোন্নতি পরীক্ষায় উত্তীর্ণ না হন, তাহা হইলে তিনি সিনিয়র সার্ভিসেস পুল ক্যাডারভুক্তি পরীক্ষায় অংশ গ্রহণ করিতে পারিবেন না। তবে সার্ভিসের যে সকল কর্মকর্তা ৩১শে আগস্ট, ১৯৮৭ বা তৎপূর্বে সিনিয়র স্কেলে পদোন্নতি পাইয়াছেন তাহাদের ক্ষেত্রে উপ-বিধির এই ধারা প্রযোজ্য হইবে না।

(খ) সামরিক বাহিনীর কর্মকর্তাদের ক্ষেত্রে ক্যাপ্টেন হইতে মেজর পদে পদোন্নতির পরীক্ষা অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে।

(৩) কোন কর্মকর্তা তিনবারের বেশী পরীক্ষায় অংশ গ্রহণ করিতে পারিবেন না।

৬। **আবেদন পত্র জমা প্রদান।**—(১) আবেদন পত্র জমা দেওয়ার জন্য ঘোষিত শেষ তারিখের কমপক্ষে ৭ দিন পূর্বে একজন পরীক্ষার্থী কমিশন কর্তৃক নির্ধারিত ফরমে,—

(ক) কোন সার্ভিসের সদস্যের ক্ষেত্রে, উক্ত সার্ভিস নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয় বা বিভাগের নিকট দাখিল করিতে হইবে; এবং

(খ) অন্যান্যদের ক্ষেত্রে, সংশ্লিষ্ট মন্ত্রণালয়, বিভাগ, অধিদপ্তর, পরিদপ্তর বা অফিসের নিকট দাখিল করিতে হইবে।

(২) কমিশন কর্তৃক স্থিরিকৃত যাবতীয় শর্ত এবং ফরম সার্বিকভাবে পূরণ করা না হইলে উপ-বিধি (১) এর অধীন জমাকৃত কোন আবেদন গ্রহণ করা হইবে না।

(৩) সংশ্লিষ্ট মন্ত্রণালয়, বিভাগ, অধিদপ্তর, পরিদপ্তর বা অফিস কর্তৃক গৃহীত যাবতীয় আবেদন পত্র কমিশন কর্তৃক গ্রহণের জন্য নির্ধারিত শেষ তারিখ বা তৎপূর্বে উহার নিকট পৌছানোর ব্যবস্থা করিতে হইবে। অন্যথায় আবেদন পত্র গ্রহণ করা হইবে না।

৭। লিখিত পরীক্ষার বিষয়।—নিম্নলিখিত বিষয়ের প্রত্যেকটির উপর একটি করিয়া লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হইবে, যথাঃ—

(ক) বাংলাদেশ ও আন্তর্জাতিক বিষয়;

(খ) বাংলাদেশের সরকারের পদ্ধতি ও কাঠামো, ইত্যাদি;

(গ) প্রশাসন ব্যবস্থা ও উন্নয়ন; এবং

(ঘ) English Essay, Letter, Precis, Summary & Comprehension.

(২) সরকার কমিশনের সহিত আলোচনা করিয়া সময় সময়, উপ-বিধি (১)এ উল্লিখিত চারটি বিষয়ে লিখিত পরীক্ষার জন্য বিস্তারিত পাঠ্যসূচী নির্ধারণ করিবে।

(৩) লিখিত পরীক্ষার প্রতিটি পত্র একশত নম্বরের হইবে এবং তিন ঘন্টা সময়ের মধ্যে উহার উত্তর দান করিতে হইবে।

(৪) লিখিত পরীক্ষার ন্যূনতম পাশের নম্বর গড়ে ৪৫% হইবে।

(৫) কোন প্রার্থী লিখিত কোন বিষয়ে ২৫% নম্বরের কম পাইলে সেই বিষয়ে কোন নম্বর পায় নাই বলিয়া গণ্য হইবে।

৮। মৌখিক পরীক্ষা, ইত্যাদি।—(১) লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদিগকে ১৫০ নম্বরের একটি মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণ করিতে হইবে।

(২) প্রার্থীদের গোপনীয় প্রতিবেদন, ইত্যাদির জন্য ১৫০ নম্বর নির্ধারিত থাকিবে যাহা উক্ত প্রতিবেদন বিবেচনা করিয়া প্রদান করা হইবে।

(৩) পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার জন্য একজন প্রার্থীকে উপ-বিধি (১) ও (২) এ উল্লেখিত মোট নম্বরের যথাক্রমে ৪০% ও ৫০% অন্যূন নম্বর পাইতে হইবেঃ

তবে শর্ত থাকে যে, কমিশন, সরকারের পূর্ব অনুমতিক্রমে, উক্ত ন্যূনতম নম্বর হ্রাসবৃদ্ধি করিতে পারিবে।

৯। ব্যবহার্য ভাষা।—কমিশন হইতে অন্যরূপ নির্দেশ না থাকিলে প্রার্থী লিখিত পরীক্ষায় বাংলা অথবা ইংরেজীতে উত্তর দিতে পারিবেন।

১০। উত্তর পত্রের গোপনীয়তা।—পরীক্ষার সকল উত্তরপত্র গোপনীয় দলিল হিসাবে গণ্য হইবে এবং কোনক্রমেই কোন প্রার্থী অথবা তাহার প্রতিনিধিকে উহা প্রদর্শন করা হইবে না। উত্তরপত্র পুনঃপরীক্ষার জন্য কোন প্রার্থীর কোন আবেদনও গ্রহণ করা হইবে না।

১১। **কমিশন কর্তৃক প্রার্থী বাছাই।**—শূন্যের শূন্য পদে সরকার কর্তৃক নিয়োগের নিমিত্তে কমিশন মেধাভিত্তিক প্রার্থী মনোনয়ন করিবে। ভবিষ্যৎ শূন্য পদে নিয়োগের জন্য কমিশন কৃতকার্য প্রার্থীদের একটি মেধাভিত্তিক প্যানেলও সংরক্ষণ করিবে।

শর্ত থাকে যে, কমিশন কর্তৃক সুপারিশ প্রেরণের পর হইতে অনূর্ধ্ব ১ (এক) বৎসর অথবা পুনরায় পরীক্ষার বিজ্ঞাপন জারী পর্যন্ত (যাহা আগে আসে) প্যানেলের মেয়াদ বলবৎ থাকিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ শামসুল হক চিশ্‌তী
সচিব।

মোঃ শফিকুর রহমান, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
খোন্দকার মাহফুজুল করিম, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ ফরমস্‌ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।